



## হেমিসের আধুনিকায়নে ইউজিসি ও প্রোইন্ডের মধ্যে সভা

প্রকাশিত: ১৫ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমের (হেমিস) আধুনিকায়নে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও ইন্ডিয়ান সফটওয়্যার কোম্পানি প্রোইন্ডের মধ্যে এক সভা রবিবার ইউজিসিতে অনুষ্ঠিত হয়। প্রস্তাবিত হায়ার এডুকেশন এক্সিলারেশন এ্যান্ড ট্রান্সফরমেশন (হিট) প্রকল্পের অধীনে একটি সময়োপযোগী হেমিস গড়ে তোলা হবে। সভায় হেমিসের টিওআর ও এর প্রতিষ্ঠার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রোইন্ডের পরিচালক হারিন্দার সিং জানান, হেমিসের মাধ্যমে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক, নন-একাডেমিক এবং অন্যান্য কার্যক্রম সহজ ও গতিশীলভাবে করা যাবে। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright © All rights reserved by dailyjanakantha.com

